পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, শিক্ষা মন্ত্রণালয়

এবং

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র-

উপক্রমণিকা

সেকশন ১ - বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২ - বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ - কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ - শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২ - কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ - কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

## বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Bangladesh National Commission for UNESCO)
### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা
### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর-২০১৩, ২০১৪, ২০১৫) প্রধান অর্জনসমূহঃ

UNESCO Participation Programme (2012-2013) এর আওতায় বিএনসিইউ'র গ্রন্থাগারের অটোমেশন ও সম্মেলন কক্ষের সাউন্ড সিস্টেম আধুনিকীকরণের কার্যক্রম গৃহীত হয়। গত ৩০ মার্চ থেকে ২ এপ্রিল ২০১৩ সালে UNESCO এর সহযোগিতায় সাভারের লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে "Regional Training Workshop for the Officials of National Commissions of the Asia-Pacific Region" শীর্ষক ট্রেনিং ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়। বাংলাদেশসহ চৌদ্দটি দেশের ইউনেস্কো জাতীয় কমিশনের ১৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এ ওয়ার্কসপে কর্মকর্তাদের কাজের ক্ষেত্র ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ হয় এবং এ থেকে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা কাজে আরও দক্ষতা বৃদ্ধি করতে সহায়ক হবে। বিএনসিইউ'র জন্য এতগুলো দেশের প্রতিনিধিদের অংশগ্রহণ করার বিষয়টি ছিল একটি বিশাল অর্জন। ২০১৩ সালের ০৪ ডিসেম্বর "Traditional Art of Jamdani Weaving" ইউনেস্কোর অপরিমেয় সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় স্থান লাভ করে। এটির ধারনা প্রদান করে বিএনসিইউ এবং এ সংক্রান্ত মনোনয়ন ফাইল প্রস্তুতিকালে বুদ্ধিবৃত্তিক সহযোগিতা প্রদান করে। আইসেস্কোর সহযোগিতায় ১৭ থেকে ১৯ জুন ২০১৪ তারিখে "National Training Workshop on the Role of Culture in Promoting Peace and Solidarity" শীর্ষক তিন দিন ব্যাপি একটি জাতীয় প্রশিক্ষণ কর্মশালা ঢাকায় বিএনসিইউ কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ থেকে সরকারী ও বেসরকারি পর্যায়ের ২৫ জন কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন। শান্তি ও সংহতি প্রসারের জন্য সংস্কৃতি যে বলিষ্ঠ ভূমিকা পালন করে সে বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। UNESCO Participation Programme 2012-13 এর সফল সমাপ্তি ও উক্ত প্রোগ্রামের অন্যতম প্রকল্প Documentation on Terracotta Temples of Bangladesh এর মোড়ক উন্মোচন সংক্রান্ত সেমিনার ১১ ফেব্রুয়ারী ২০১৪ তারিখে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটকে ইউনেস্কো ক্যাটাগরি-২ ইন্সটিটিউট হিসেবে প্রতিষ্ঠিত করার প্রথম ধারনা প্রদান করে ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে। এরপর আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট ইউনেস্কো ক্যাটাগরি-২ ইন্সটিটিউট হিসেবে প্রতিষ্ঠিত করার সকল পর্যায়ে বিএনসিইউ সাচিবিক সহায়তা প্রদান করে। উল্লেখ্য, ০৭ নভেম্বর, ২০১৫, ইউনেস্কো সদর দপ্তর, প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কো সাধারণ সভার ৩৮তম অধিবেশনে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট ইউনেস্কো ক্যাটাগরি-২ এর মর্যাদা লাভ করে। মাননীয় শিক্ষামন্ত্রী এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের (বিএনসিইউ) চেয়ারম্যান জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. ইউনেস্কো সাধারণ সভার ৩৮তম অধিবেশনের ~~ইউনেস্কোর~~ ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হন। ২০১৩ সালে ইউনেস্কো সাধারণ সভার ৩৭ তম অধিবেশনে বাংলাদেশ পুনরায় পরবর্তী চার বছরের জন্য ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয়। বিশিষ্ট লেখক ড. কামাল আবদুল নাসের চৌধুরী ইউনেস্কো নির্বাহী বোর্ডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে আসছেন, সে হিসেবে বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী বোর্ড সভার সদস্য হওয়ায় ২০১৪ সালে ১৯৪ ও ১৯৫ তম নির্বাহী বোর্ড সভা এবং ২০১৫ সালে ইউনেস্কোর ১৯৬ ও ১৯৭ তম নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ অংশগ্রহণ করে। নির্বাহী বোর্ডের আলোচ্য সভায় অংশগ্রহণের যাবতীয় কার্যাবলী বিএনসিইউ সম্পন্ন করে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

**সমস্যাঃ**

১) কর্মকর্তা ও কর্মচারিদের যাতায়াতের জন্য নিজস্ব যানবাহন নেই।

২) নিজস্ব অফিস ভবন নেই।

৩) লোকবলের অভাব রয়েছে।

৪) নিয়োগ বিধি নেই।

**চ্যালেঞ্জঃ**

১) নিজস্ব অফিস ভবন নির্মাণ

২) যুগোপযোগী নিয়োগ বিধি প্রণয়ন

৩) কর্মকর্তা ও কর্মচারিদের যাতায়াতের জন্য নিজস্ব যানবাহনের ব্যবস্থা করা

**ভবিষ্যত পরিকল্পনাঃ**

উল্লিখিত সকল সমস্যার সমাধানের চেষ্টা করা ও চ্যালেঞ্জ মোকাবিলা করা এবং সরকারের নির্দেশনার আলোকে ইউনেস্কো ও আইসেস্কোর সাথে বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় করা। ইউনেস্কো ও আইসেস্কোসহ সদস্য রাষ্ট্রসমূহের সাথে বাংলাদেশের সম্পর্কোন্নয়নে কাজ করা এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের সাথে কাজ করার ক্ষেত্রে রাষ্ট্রীয় স্বার্থকে প্রাধান্য দেয়া।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ইউনেস্কো কুপন প্রোগ্রাম সফলভাবে এগিয়ে নেয়া।
- ইউনেস্কো ও আইসেস্কো'র আর্থিক সহায়তায় বিভিন্ন সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন করা।
- আগামীতে নতুন অনুমোদনযোগ্য প্রকল্পসমূহের কাজ ঠিকভাবে এগিয়ে নেয়া।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব,শিক্ষা মন্ত্রণালয়

এবং

সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর মধ্যে ২০১৬ সালের...জুন....মাসের...২৮.....তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

**১.১ রূপকল্প (Vision)**

শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান, মানবিক ও সামাজিক বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ এর মাধ্যমে শান্তি প্রতিষ্ঠা করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

ইউনেস্কো ও আইসেস্কোর কার্যাবলি প্রতিপালনে বাংলাদেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে সেতুবন্ধন রচনা করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

১। বিএনসিইউ'র বাজেট প্রণয়ন করা।
২। ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের অধীন প্রকল্প বাস্তবায়ন।
৩। ইউনেস্কো কুপন প্রোগ্রাম ঠিকভাবে বাস্তবায়ন করা।
৪। ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা।
৫। Associated Schools Project Network কর্মসূচি চলমান রাখা।
৬। বিএনসিইউ'র লাইব্রেরি ও আইসিটি সংক্রান্ত বিষয় সমৃদ্ধ করা।

**১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৪। কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫। কর্ম পরিবেশ উন্নয়ন
৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলী (Functions)**

১) শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি এবং তথ্য ও যোগাযোগ ক্ষেত্রে সরকার ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতা করা।
২) UNESCO Participation Programme, বৃত্তি, পুরস্কার, শিক্ষা ইত্যাদি বিষয় সংক্রান্ত কাজ সমাধা করা।
৩) একটি স্বীকৃত সংস্থা হিসাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং সংস্থার সাথে UNESCO Coupons Programme কার্যক্রম সমাধা করে।
৪) ইউনেস্কো'র আওতাভুক্ত গবেষণা প্রোগ্রাম সম্পন্ন করা যা উন্নয়নের সহায়ক।
৫) জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন করা যা বিশ্ব শান্তি ও শিক্ষা সম্প্রসারণে ভূমিকা রাখে।
৬) ASPnet সংক্রান্ত বৈশ্বিক কর্মকাণ্ডে ছাত্র ও শিক্ষকদের অংশগ্রহণে সহযোগিতা করা।

## সেকশন ২

### মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন সমূহ ও প্রকল্প প্রস্তাব (IFCD) বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণ | যোগাযোগকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের সংখ্যা এবং যোগাযোগের মাধ্যম | ব্যক্তি/প্রতিষ্ঠানের সংখ্যা/সভা, সেমিনার, কর্মশালার সংখ্যা | বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য মহাস্থানগড়কে বিশ্ব ঐতিহ্য হিসেবে ইউনেস্কোর তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে বগুড়ার আরডিএতে ৫ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠান ও এ বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন | মহাস্থানগড়কে বিশ্ব ঐতিহ্য হিসেবে তালিকাভুক্ত করার লক্ষ্যে মনোনয়ন ফাইল চূড়ান্তকরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কোরিয়ান বিশেষজ্ঞ সহায়তায় ২ দিনব্যাপী সেমিনার আয়োজন। | মহাস্থানগড়কে বিশ্ব ঐতিহ্য হিসেবে তালিকাভুক্ত করার লক্ষ্যে মনোনয়ন ফাইল চূড়ান্তকরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কোরিয়ান বিশেষজ্ঞ সহায়তায় ২ দিনব্যাপী আয়োজিত সেমিনার পরবর্তী পদক্ষেপ গ্রহণ। | কর্মশালায় প্রস্তাবিত কর্মপরিকল্পনার বাস্তবায়নের উদ্যোগ ও অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত করা এবং ফলো আপ করা। | বাস্তবায়নাধীন সিদ্ধান্ত ও কার্যক্রমের ফলো-আপ করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে দেশী বিদেশী সংস্থাসমূহের সাথে যোগসূত্র স্থাপন ও বুদ্ধিবৃত্তিক সহায়তা প্রদান। | বিএনসিইউ, শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সংশ্লিষ্ট সংস্থাসমূহ | ইউনেস্কো |
| ২। ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় অংশগ্রহণ করা। | আন্তঃ মন্ত্রণালয় সভা আহ্বান করে বাংলাদেশ প্রতিনিধি দলের জন্য প্রস্তুতিমূলক কাজ সম্পাদন করা। | সভার সংখ্যা | অংশগ্রহণ করা হয়েছে। | অংশগ্রহণ করা হয়েছে। | ২ | ১ | - | বিএনসিইউ, শিক্ষা মন্ত্রণালয় | ইউনেস্কো |
| ৩। বাজেট | বাজেট অনুমোদন পরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে, এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরিত হবে। | প্রতিবেদনের সংখ্যা | বাজেট প্রণয়ন করা হয়েছিল। | বাজেট সরকারী বিধি মোতাবেক করা হয়েছে। | সময়োপযোগী ও বস্তুনিষ্ঠ বাজেট প্রণীত হবে। | সময়োপযোগী বাজেট প্রণীত হবে। | সক্ষমতা সাপেক্ষে বাজেটের পরিধি বাড়ানো হবে। | শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় | বিএনসিইউ |

*সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। Climate Change সম্পর্কে জনগণকে সচেতন করা। | ৭ | সেমিনার, কর্মশালার আয়োজন। | সেমিনার/ কর্মশালার সংখ্যা | সংখ্যা | ৭ | জলবায়ু পরিবর্তন সম্পর্কে মাঠ পর্যায়ে ০১ বছর ব্যাপী কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুরে পাইলট প্রজেক্ট গ্রহণ করা হয়। | কার্যক্রম চলমান রয়েছে। | ৪ | ৩ | ২ | ১ | - | জাতীয়, আন্তর্জাতিক পর্যায়ে কর্মশালার আয়োজন করা হতে পারে। | পূর্বের কর্মসূচী সফল হলে চলতে থাকবে। |
| ২। কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা। বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিত ট্রেনিং প্রোগ্রামে কর্মকর্তাদের | ৭ | কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, মনোনয়ন প্রেরণ। | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ৭ | ১১ জন কর্মকর্তা ইনহাউস প্রশিক্ষণ গ্রহণ করেছে এবং ০৭ জন কর্মকর্তা বিভিন্ন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছে | ০৭ জন কর্মকর্তা বিভিন্ন প্রশিক্ষণে অংশ নেয়। | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | কর্মকর্তাদের কর্মদক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ অব্যাহত থাকবে। | আগামীতে নতুন যোগদান করা ও অন্যান্য কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ অব্যাহত থাকবে। |

| | | কার্যক্রম | | একক | কর্মসম্পাদন সূচকের মান | ১৪-১৫ | ১৫-১৬ | | ১৬-১৭ | | | | ১৭-১৮ | ১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মনোনয়ন প্রদান। | | | | | | | | | | | | | | |
| ৩। বিএনসিইউ'র বাজেট প্রণয়ন করা। | ১০ | শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত সিলিং অনুযায়ী বাজেট প্রস্তুত হয়, শিক্ষা মন্ত্রণালয়ের চাহিদামত রিপোর্ট প্রেরণ। | BIP (Budget Implementation Plan) প্রস্তুত করা হবে এবং বাজেট বাস্তবায়ন রিপোর্ট পেশ করা হবে। | রিপোর্টের সংখ্যা | ১০ | সরকারী বিধি মোতাবেক বাজেট প্রস্তুত করা হয়েছে। | বরাদ্দকৃত অর্থ সরকারী বিধি মোতাবেক ব্যয় করা হচ্ছে। | ৪ | ৩ | ২ | ১ | - | বিধি মোতাবেক সময়োপযোগী বাজেট প্রণীত হবে। | সক্ষমতা সাপেক্ষে বাজেটের পরিধি বাড়ানো হবে। |
| ৪। ইউনেস্কো কুপন প্রোগ্রাম বাস্তবায়ন করা। | ৬ | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ। | কুপন প্রাপ্তির ০১ মাসের মধ্যে কুপন প্রেরণ (তথ্য প্রাপ্তির উপর নির্ভর) | মাস | ৬ | ইউনেস্কো কুপন প্রোগ্রাম চলমান ছিল | ইউনেস্কো কুপন প্রোগ্রাম চলমান | ১ | ২ | ৩ | ৪ | ৫ | প্রোগ্রাম চলমান থাকবে। | প্রোগ্রাম চলমান থাকবে। |
| ৫। ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন সমূহ ও প্রকল্প প্রস্তাব (IFCD) বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণ | ৭ | ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশনসমূহ ও প্রকল্প প্রস্তাব (IFCD) সম্পর্কে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে বুদ্ধিবৃত্তিক সহযোগিতা/ পরামর্শ প্রদান। | যোগাযোগকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের সংখ্যা এবং যোগাযোগের মাধ্যম | ব্যক্তি/প্রতিষ্ঠানের সংখ্যা/সভা,সেমিনার, কর্মশালার সংখ্যা | ৭ | বাংলদেশের সাংস্কৃতিক ঐতিহ্য মহাস্থানগড়কে বিশ্ব ঐতিহ্য হিসেবে ইউনেস্কোর তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে বগুড়ার আরডিএতে ৫ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠান ও এ বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন। | মহাস্থানগড়কে বিশ্ব ঐতিহ্য হিসেবে তালিকাভুক্ত করার লক্ষ্যে মনোনয়ন ফাইল চূড়ান্তকরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কোরিয়ান বিশেষজ্ঞ সহায়তায় ২ দিনব্যাপী সেমিনার আয়োজন। | ৪ | ৩ | ২ | ১ | - | কর্মশালায় প্রস্তাবিত কর্মপরিকল্পনার বাস্তবায়নের উদ্যোগ ও অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত করা এবং ফলো আপ করা। | বাস্তবায়নাধীন সিদ্ধান্ত ও কার্যক্রমের ফলো-আপ করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে দেশী বিদেশী সংস্থাসমূহের সাথে যোগসূত্র স্থাপন ও বুদ্ধিবৃত্তিক সহায়তা প্রদান। |

| | | | | | | ১৪-১৫ | ১৫-১৬ | | | | | | ১৭-১৮ | ১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬। ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা। | ৫ | ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংক্রান্ত তথ্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ। | মনোনয়ন অনুমোদন ও মনোনয়ন প্রেরণের জন্য সকল দাপ্তরিক কাজ করা। | মনোনয়ন প্রেরণ | ৫ | ৭ জন | ইউনেস্কো IFEDC 2016 তে একজনের মনোনয়ন পাঠানো হয়েছে, পুরস্কার সংক্রান্ত ০২ টি মনোনয়ন প্রেরিত হয়েছে। ইতোপূর্বে এওয়ার্ড সংক্রান্ত ৫টি মনোনয়ন, পুরস্কার সংক্রান্ত ৩টি মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। | ৫ | - | - | - | - | আমন্ত্রণ অনুযায়ী কর্মসূচী অব্যাহত থাকবে। | আমন্ত্রণ অনুযায়ী কর্মসূচী অব্যাহত থাকবে। |
| ৭। Associated Schools Project Network কর্মসূচি চলমান রাখা। | ৮ | জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্ত করা | সম্পৃক্ত প্রতিষ্ঠানের সংখ্যা | ৮ | কর্মসূচী চলেছে। | কর্মসূচী চলেছে, চলমান আছে। | ৪ | ৩ | ২ | ১ | - | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। |
| ৮। বিএনসিইউ'র লাইব্রেরি ও আইসিটি সংক্রান্ত বিষয় সমৃদ্ধ করা। | ৫ | প্রয়োজনীয় বই ও জার্নাল সংগ্রহ করা এবং বিএনসিইউ ওয়েবসাইটে সকল বিষয় সন্নিবেশ করা। | লাইব্রেরিকে প্রয়োজনীয় উপকরণ দ্বারা সমৃদ্ধ করা ও সময়োপযোগী অগ্রগতি সাধন করা। | শতাংশ (%) পরিমাণ | ৫ | ক্রয়কৃত বই ও জার্নাল সমূহ ওয়েবসাইটে (ই-ক্যাটালগিং) সন্নিবেশ করা হয়েছে। | চলমান আছে। | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | বাজেট বরাদ্দ অনুযায়ী আনুষঙ্গিক বই ক্রয় করা হবে। | বাজেট বরাদ্দ অনুযায়ী আনুষঙ্গিক বই ক্রয় ও ওয়েব সাইটে সন্নিবেশ করণ |

| | | | | | | ১৪-১৫ | ১৫-১৬ | ১৬-১৭ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯। আইসেস্কোর নির্বাহী বোর্ড সভা ও জেনারেল কনফারেন্স এ অংশগ্রহণ | ৯ | আইসেস্কোর নির্বাহী বোর্ড সভা ও জেনারেল কনফারেন্স এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ প্রতিনিধি/ প্রতিনিধি দলকে প্রস্তুতিমূলক সহযোগিতা প্রদান করা, কার্যপত্র প্রস্তুত করা ও আয়োজক সংস্থা/দেশের সাথে যোগাযোগ করা। | বাংলাদেশ সম্পর্কিত বিভিন্ন বিষয় তুলে ধরা ও বাংলাদেশের সাথে অন্যান্য সদস্য রাষ্ট্রের শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সাংস্কৃতিক আন্তঃসহযোগিতার ক্ষেত্র প্রস্তুত করা। | সভার সংখ্যা | ৯ | অংশগ্রহণ করা হয়েছে। | ২০১৫ সালে অংশগ্রহণ করা হয়েছে। | ১ | - | - | - | - | অব্যাহত থাকবে। | অব্যাহত থাকবে। |
| ১০। ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় অংশগ্রহণ করা। | ১০ | ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় সদস্য হিসাবে অংশগ্রহণ ও intervention এ অংশ নেয়া। | আন্তঃ মন্ত্রণালয় সভা আহ্বান করে বাংলাদেশ প্রতিনিধি দলের জন্য প্রস্তুতিমূলক কাজ সম্পাদন করা। | সভার সংখ্যা | ১০ | অংশগ্রহণ করা হয়েছে। | অংশগ্রহণ করা হয়েছে। | ২ | - | - | - | - | ১ | - |
| ১১। ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের অধীন প্রকল্প বাস্তবায়ন | ৬ | প্রকল্প বাস্তবায়নের জন্য ফান্ড রিলিজ, বাস্তবায়ন মনিটরিং | ইউনেস্কোর অনুমোদন যথাসময়ে প্রকল্প কাজ সমাপ্ত, প্রকল্পের লক্ষ্য অর্জন | প্রকল্পের সংখ্যা | ৬ | ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের অধীন ৫টি প্রকল্পের সফল বাস্তবায়ন | ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের অধীন প্রকল্প প্রস্তাব আহ্বান এবং ইউনেস্কোতে প্রেরণ | ৩ | ২ | ১ | - | - | ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের অধীন প্রকল্প আহ্বান | ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের অধীন প্রকল্প বাস্তবায়ন |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৬-১৭) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ মে | ১৬ মে | ১৭ মে | ১৮ মে | ১৯ মে |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ আগস্ট | ১৬ আগস্ট | ১৭ আগস্ট | ১৮ আগস্ট | ২১ আগস্ট |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ৩১ জানুয়ারী | ০১ ফেব্রুয়ারী | ০২ ফেব্রুয়রি | ০৫ ফেব্রুয়রি | ০৬ ফেব্রুয়রি |
| | | আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিক সংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | | মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীনদপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবা প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা। | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

*৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২৮.০৬.২০১৬ | ২৮ জুন, ২০১৬
---|---
সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন<br>শিক্ষা মন্ত্রণালয় | তারিখ

২৮/০৬/২০১৬ | ২৮/০৬/২০১৬
---|---
সচিব<br>শিক্ষা মন্ত্রণালয় | তারিখ

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

১। বিএনসিইউ: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

২। BNCU: Bangladesh National Commission for UNESCO

৩। UNESCO◌ঃ United Nations Educational, Scientific and Cultural Organization

৪। ইমলি- ইন্টারন্যাশনাল মাদার ল্যাংগুয়েজ ইন্সটিটিউট

৫। ISESCO: Islamic Educational, Scientific and Cultural Organization

## সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ | কুপন প্রাপ্তির ০১ মাসের মধ্যে কুপন প্রেরণ (তথ্য প্রাপ্তির উপর নির্ভর) | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ সমাধা করার পদক্ষেপ নেয়া | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | ইউনেস্কো কুপনের মূল্য, ইউনেস্কো | |
| ২। | কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা। | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিত ট্রেনিং প্রোগ্রামে কর্মকর্তাদের মনোনয়ন প্রদান। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, যেমন- ব্যানবেইস, বিএসটিডি, বাংলাদেশ পরিকল্পনা উন্নয়ন একাডেমী | কর্মকর্তার সংখ্যা, বিএনসিইউ | |
| ৩। | শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত সিলিং অনুযায়ী বাজেট প্রস্তুত। | BIP (Budget Implementation Plan) প্রস্তুত করা হবে এবং বাজেট বাস্তবায়ন রিপোর্ট পেশ করা হবে। | শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত সিলিং অনুযায়ী বাজেট প্রস্তুত করা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের চাহিদামত রিপোর্ট প্রেরিত হয়। | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | রিপোর্টের সংখ্যা, বিএনসিইউ | |
| ৪। | ইউনেস্কো কর্তৃক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের জন্য ফান্ড রিলিজ, বাস্তবায়ন মনিটরিং | ইউনেস্কোর অনুমোদন, যথাসময়ে প্রকল্প কাজ সমাপ্ত, প্রকল্পের লক্ষ্য অর্জন | ইউনেস্কো কর্তৃক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের জন্য যথাসময়ে ফান্ড রিলিজ, বাস্তবায়ন মনিটরিং ইত্যাদি কাজ সমাধা করা। | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | অনুমোদিত প্রকল্প | |
| ৫। | ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংক্রান্ত তথ্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ | মনোনয়ন, মনোনয়ন অনুমোদন ও মনোনয়ন প্রেরণের জন্য সকল দাপ্তরিক কাজ করা। | এ সংক্রান্ত সকল কাজ সমাধা করা | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় | মনোনয়ন প্রাপ্তির সংখ্যা | |
| ৬। | প্রয়োজনীয় বই ও জার্নাল সংগ্রহ করা এবং বিএনসিইউ ওয়েবসাইটে সকল বিষয় সন্নিবেশ করা। | লাইব্রেরিকে প্রয়োজনীয় উপকরণ দ্বারা সমৃদ্ধ করা ও সময়োপযোগী অগ্রগতি সাধন করা। | প্রয়োজনীয় বই ও জার্নাল সংগ্রহ করা এবং বিএনসিইউ ওয়েবসাইটে সকল বিষয় সন্নিবেশ করার কাজ | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | | |
| ৭। | ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় সদস্য হিসাবে অংশগ্রহণ ও intervention এ অংশ নেয়া। | আন্তঃ মন্ত্রণালয় সভা আহ্বান করে বাংলাদেশ প্রতিনিধি দলের জন্য প্রস্তুতিমূলক কাজ সম্পাদন করা। | সংশ্লিষ্ট সকল কাজ সমাধা করা। | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, ইউনেস্কো ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় | | |
| ৮। | ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন সমূহ ও প্রকল্প প্রস্তাব (IFCD) সম্পর্কে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে বুদ্ধিবৃত্তিক সহযোগিতা/পরামর্শ প্রদান | যোগাযোগকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের সংখ্যা এবং যোগাযোগের মাধ্যম | এ সংক্রান্ত সকল কাজ সমাধা করা। | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়, UNESCO | | |

সংযোজনী-৩ অন্য মন্ত্রণালয়/বিভাগের......... নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

দ্রষ্টব্যঃ বিএনসিইউ'র সকল কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিভিন্ন মন্ত্রণালয়, ইউনেস্কো, আইসেস্কো, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সম্পর্কিত ও নির্ভরশীল।